স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

দ্বিতীয় পত্র

Bhasatattwa Ebong Chhando O Alonkar : EBG-2

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সাধারণ লক্ষণগুলির পরিচয় দিন।

(খ) বাংলা ভাষার উদাহরণসহ রূপিম, তার শ্রেণিবিভাগ ও তা শনাক্তকরণের রীতিপদ্ধতি আলোচনা করুন।

(গ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন।

(ঘ) মিশ্র বা তানপ্রধান রীতির ছন্দ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) দৃষ্টান্তসহ বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) নিম্নলিখিত শব্দযুগ্মের মধ্যে পার্থক্য নির্দেশ করুন : ধ্বনি ও বর্ণ, সংবৃত ও বিবৃত স্বরধ্বনি, অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনি।

(গ) অতি সংক্ষেপে নিম্নলিখিত বিষয়গুলির পরিচয় দিন :

- শব্দের লক্ষণাশক্তি
- ব্যঞ্জনাগত অর্থ
- দুর্ভাষণ

(ঘ) টীকা লিখুন : উপমা অলঙ্কার।

(ঙ) দলবৃত্ত ছন্দ রীতির যে-কোনো একটি স্তবক বিশ্লেষণে তার যতিচিহ্ন, মাত্রারীতি, পর্ব ও চরণ-বৈশিষ্ট্য চিহ্নিত করুন।

(চ) পার্থক্য নির্ণয় করুন :

তদ্ভব শব্দ এবং আগন্তুক শব্দ, অসিদ্ধ তৎসম শব্দ এবং তৎসমকল্প 'ভূয়া' শব্দ।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) যমক অলঙ্কার সম্পর্কে সংক্ষিপ্ত একটি টীকা লিখুন।

(খ) পেত্রার্কীয় ও শেক্সপীয়রীয় সনেটের অমিল কোথায় ?

(গ) টীকা লিখুন : শব্দ ও অক্ষর।

(ঘ) বাংলা ভাষায় দ্রাবিড় ভাষার প্রভাব কতখানি ?

(ঙ) অলঙ্কার নির্ণয় করুন :

পাখির নীড়ের মতো চোখ তুলে
নাটোরের বনলতা সেন।

(চ) উদাহরণসহ সমাসোক্তি অলংকার সম্পর্কে আলোচনা করুন।

(ছ) ছন্দ বিশ্লেষণ করুন :

মেঘ মুলুকে ঝাপসা রাতে
রাম ধনুকের আবছায়াতে

(জ) টীকা লিখুন : বিরোধমূলক অর্থালঙ্কার।